ফাতওয়া নাম্বার: ৬০৯ প্রকাশকালঃ২৫-১০-২০২৫ ইং

রঙ্গিন মাছের ব্যবসা কি বৈধ?

প্রশ্ন:

রঙ্গিন মাছের ব্যবসা করা কি শরীয়তসম্মত? কারণ, এর মাধ্যমে রঙ্গিন মাছের প্রচলন ও প্রসার ঘটে; অনেক ক্ষেত্রে যারা এসব মাছ ক্রয় করে, তারা এতে অপ্রয়োজনীয় সময় ব্যয় করে এবং সাধারণ মাছের তুলনায় অনেক বেশি দামে তা কিনে নেয়।

-মুহাম্মাদ ফয়সাল

উত্তর:

রঙ্গিন মাছের ব্যবসা নাজায়েয নয়। তবে এগুলো নিয়ে অনেক বেশি বাড়াবাড়ি করা, মানুষের কষ্ট ও দুঃখ-দুর্দশা থেকে অন্য প্রাণী ও পশু-পাখির গুরুত্ব বেশি দেওয়া কাম্য নয়। এটা পশ্চিমাদের তথাকথিত সভ্যতা, যা বস্তুত পাশবিকতা। একদিকে তারা মানব শিশুদের নির্বিচারে হত্যা করে, অন্যদিকে পশুপ্রেমের 'মানবিকতা' প্রদর্শন করে। আমরা কিছু নাদান মুসলিমও তাদের এসব প্রতারণার ফাঁদে প্রতারিত হই। আমার অভুক্ত নির্যাতিত ভাই-বোনের কথা ভুলে পশুপ্রেমে নিমগ্ন হই।

হাদীসে বর্ণিত হয়েছে,

عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مِنْ حُسْنِ إِسْلَامِ الْمَرْءِ تَرْكُهُ مَا لَا يَعْنِيهِ» –رواه الترمذي (2317) وابن ماجه (3976). وقال النووي رحمه الله في رياض الصالحين ط الرسالة (ص: 56): حديث حسن.اهـ

"আবু হুরায়রা রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, একজন ব্যক্তির ইসলামের সৌন্দর্যের অংশ হচ্ছে, অহেতুক ও অপ্রয়োজনীয় কাজকর্ম থেকে বিরত থাকা।" –জামে তিরমিযী: ২৩১৭; সুনানে ইবনে মাজাহ: ৩৯৭৬

-আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৪-০৭-১৪৪৭ হি.
২৫-১২-২০২৫ ঈ.